

## সমকাল

# সোম ও মঙ্গলবার উপকূলীয় ১৪ জেলায় শিক্ষা কার্যক্রম বন্ধ

১৯ ঘণ্টা আগে | Updated ১৯ ঘণ্টা আগে

---

অনলাইন ডেক্স

---



ঘূর্ণিষ্ঠ বুলবুলের কারণে সোমবার ও মঙ্গলবার উপকূলীয় ১৪ জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বন্ধ ঘোষণা করেছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর।

তবে ঘূর্ণিষ্ঠ কবলিত লোকজনের নিরাপদ আশ্রয় নিশ্চিত করতে এসব এলাকার শিক্ষা প্রতিষ্ঠান খোলা থাকবে।

শনিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ড. সৈয়দ মো. গোলাম ফারুক এই আদেশ জারি করেন।

আদেশে চট্টগ্রাম, নোয়াখালী, ভোলা, লক্ষ্মীপুর, ফেনী, চাঁদপুর, খুলনা, সাতক্ষীরা, বরিশাল, পটুয়াখালী, বরগুনা, ভোলা, ঝালকাঠি ও পিরোজপুর জেলার শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রম বন্ধ রাখার ঘোষণা করা হয়েছে।